

নিপীড়িত  
মানবের মুক্তির  
মহানায়ক শেখ মুজিবুর  
রহমান



বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট  
আইসিটি বিভাগ

...


সভাপতি ড. ইয়াহিয়া মাহমুদ  
মহাপরিচালক  
সভার তারিখ ২৪/১০/২০২১ইং  
সভার সময় বিকাল ৩.০০ ঘটিকা  
স্থান কনফারেন্স রুম  
উপস্থিতি পতাকা "ক"

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সভাপতি ও ইনস্টিটিউটের মহাপরিচালক মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ইনস্টিটিউটের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্রম	আলোচ্য সূচী	করণীয়	বাস্তবায়নকারী
০১।	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	ইনস্টিটিউটের সদ্য নিয়োগপ্রাপ্ত ৪১জন বৈজ্ঞানিক কর্মকর্তাদের জন্য অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হবে এবং তা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা
০২।	সেবা সহজীকরণ	সভায় "বিএফআরআই উদ্ভাবিত প্রযুক্তি সহায়তা" নামে সেবাটির নাম চূড়ান্ত করা হয়। সেবা সহজীকরণের জন্য প্রথম পদক্ষেপ হিসেবে প্রজ্ঞাপন জারির জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হবে। এজন্য মহাপরিচালক মহোদয়ের নিকট নথি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
০৩।	সেবা ডিজিটাইজেশন	সদ্য নিয়োগপ্রাপ্ত বৈজ্ঞানিক কর্মকর্তাদের জন্য অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে সেবা ডিজিটাইজেশন ধারণা আহ্বান করা হবে ও তা চূড়ান্ত করা হবে।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা
০৪।	ই নথি ব্যবহার বৃদ্ধি	সভায় সিস্টেম এনালিস্ট জানান, ইতোমধ্যে সদর দপ্তরসহ সকল কেন্দ্রে ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য পত্র প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক মহোদয় ই-নথির বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সভায় অসন্তোয় প্রকাশ করেন এবং পরবর্তীতে ই-নথির ব্যবহার বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। তাছাড়া বিভিন্ন কেন্দ্রে ই-নথি বাস্তবায়নে বিদ্যমান সমস্যা আগামী ১৫ই নভেম্বর ২০২১ তারিখের মধ্যে সমাধান করার জন্য সিস্টেম এনালিস্ট প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।	ইনোভেশন টিম
০৫।	চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিত করণ সভা/কর্মশালা আয়োজন	চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১টি কর্মশালা ইনস্টিটিউটের প্রশিক্ষণ ক্যালেন্ডারে অভুক্ত করা হবে। এ জন্য প্রশিক্ষণ শাখায় পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা

০৬।	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। তন্মধ্যে ১টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বাকী ৩টি প্রশিক্ষণ ক্যালেন্ডারে অভুক্ত করার জন্য বিষয় চূড়ান্ত করে প্রশিক্ষণ শাখায় পত্র প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা
০৭।	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়	হিসাব শাখার তথ্য মোতাবেক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ৪.০০ লাখ টাকা অর্থ বরাদ্দ আছে মর্মে জানা যায়। বরাদ্দকৃত অর্থের ৮০% ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারলে কর্মসম্পাদন সূচকের মান অর্জন করা সম্ভব হবে না। তাই এ খাতে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম ও হিসাব শাখা
০৮	ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমের সদস্য বৃদ্ধি	সভায় ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমে ১ জন সদস্য অর্ন্তভুক্ত করার প্রস্তাব করলে সভাপতি মহোদয় সকলের মতামতের ভিত্তিতে স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ এর সদ্য যোগদানকৃত বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব আবুল বাশারকে অর্ন্তভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন।	ইনোভেশন টিম

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. ইয়াহিয়া মাহমুদ  
মহাপরিচালক


স্মারক নম্বর: ৩৩.০৪.০০০০.১১২.০১.০০১.১৭.১৩

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮

০৪ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ইনস্টিটিউটের কেন্দ্রীয় সমন্বয় সভা



মোহাম্মদ শহিদ উল্যাহ  
সিস্টেম এনালিস্ট